

প্রিয় পিতা-মাতা,

আপনার সন্তানকে ‘শহরব্যাপী আদর্শ শৃঙ্খলা ও অনুশাসন ব্যবস্থা ২০০৮’ এবং ‘আচরণগত চুক্তি’র দুই (২) টি প্রতিলিপি দেয়া হয়েছে, যা স্কুলে আপনার সন্তানের আবশ্যিক আচরণের সংক্ষিপ্ত বিবরণ প্রদান করে।

শৃঙ্খলা বিধি এবং আচরণগত চুক্তি হলো সমস্ত শিক্ষার্থীদের জন্য একটি নিরাপদ এবং সহযোগিতাপূর্ণ পরিবেশ বজায় রাখতে আমাদের অবিরাম প্রচেষ্টার দু’টি উপাদান। সকল শিক্ষার্থীর স্কুলের নিয়ম-কানুন এবং আচরণগত প্রয়োজনীয়তার বিষয়টি অনুধাবন করা অতীব গুরুত্বপূর্ণ। এই নথিগুলো পাঠ করায় সহায়তা করা এবং সন্তানদের সঙ্গে তা নিয়ে আলোচনা করার বিষয়টি এ জন্য অত্যন্ত প্রশংসনীয় হবে।

সন্তানদের সঙ্গে আলোচনার পর আপনি এবং আপনার সন্তান দুজনেই এই আচরণগত চুক্তির একটি প্রতিলিপিতে স্বাক্ষর করবেন এবং সন্তানকে স্বাক্ষরিত প্রতিলিপিটি তার শিক্ষককে ফেরত দিতে বলবেন। অন্য প্রতিলিপিটি শৃঙ্খলা বিধির সাথে আপনার কাছে রেখে দেবেন।

আপনার কোন প্রশ্ন থাকলে অনুগ্রহ করে \_\_\_\_\_ নম্বরে স্কুলে ফোন করুন।

আমাদের স্কুলকে সন্তানদের জন্য অধিকতর ভালো, শক্তিশালী এবং নিরাপদ করে তোলায় সাহায্য করতে সহযোগিতার জন্য ধন্যবাদ।

আপনার বিশ্বস্ত-

প্রিন্সিপ্যাল